ভোরের কাগজ

FEB. 09 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৩......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগে শেল-এর তথ্যকেন্দ্র চালু

শেল বাংলাদেশ এক্সপ্লোরেশন এন্ড ডেভেলপমেন্ট বিভি সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগে একটি তথ্যকেন্দ্র স্থাপন করেছে। বাপেক্স, কেয়ার্ন এনার্জি ও এইচবিআর এনার্জির সহায়তায় এই তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে। এই কেন্দ্রে রয়েছে কম্পিউটার, মাল্টিমিডিয়া, প্রজেক্টর, ডিজিটাইজার, প্রিন্টার, ফটো কপিয়ার এবং বুকশেল্ফ, এয়ার কন্ডিশনার ও শেলের প্রকাশনাসমূহ। এই বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রয়োজনানুযায়ী এইসব সুবিধা প্রদান করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর জিন্নাতুন্নেসা তাহমিদা বেগম, শেল বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক রেইনার রেডিংগুইস, ভূতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ড. ওবায়দুল্লাহ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রী এবং শেলের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এই কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শেল-এর ব্যবস্থাপনা পরিচালক বলেন, তার প্রতিষ্ঠান বাংলাদেশে দীর্ঘমেয়াদি কর্মতৎপরতায় সংকল্পবদ্ধ। এদেশের প্রাকৃতিক খনিজসম্পদ অনুসন্ধান ও উত্তোলনের দায়িত্বে নিয়োজিত। এই কাজে এদেশের বিশেষজ্ঞদের চাইতে অন্য আর কেউ বেশি অবদান রাখতে সক্ষম হবে না। এ কারণেই শেল সহযোগিতা সম্প্রসারণের জন্য ভূতত্ত্ব বিভাগকে বেছে নিয়েছে।

প্রো-ভাইস চ্যান্সেলর জিনাতুন্নেসা তাহমিদা বেগম শেল-এর এই প্রচেষ্টার সাফল্য কামনা করেন। বিজ্ঞপ্তি।